[redacted]

[redacted] (AA) [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

হারিয়ে ১৭১ রান সংগ্রহ করে।

কুতুবপুর একাদশ ১৭২ রানের টার্গেটে ব্যাট করতে নেমে ৮ উইকেট হারিয়ে ১৫ ওভার খেলে ৯৩ রান সংগ্রহ করে। কুড়ুলগাছি একাদশের ইচু তিন উইকেট ও ২৯ বলে ৯৪ রান করে ম্যান অব দ্যা ম্যাচ এর পুরস্কার জিতে নেন।

ফাইনাল খেলায় জয়লাভ করে পুরস্কার তুলে নেন কুড়ুলগাছি একাদশের ক্যাপ্টেন আশরাফুল। ফাইনাল খেলার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্ট, মনি মেম্বর, সাংবাদিক শরীফ রতন, মেহেদী হাসান মিলন, বিল্লাল, প্রিন্স সাজ্জাদ ও টুর্নামেন্ট কমিটির নেতৃবৃন্দ।

দামুড়হুদার কুড়ুলগাছিতে বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলীকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি গ্রামের মৃত জবেদ আলীর ছেলে বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলীর মরদেহ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন করা হয়েছে। জানা গেছে, গতকাল মঙ্গলবার ভোরের দিকে বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলী অসুস্থতাজনিত কারণে মৃত্যবরণ করেন।

গতকাল মঙ্গলবার দুপুর ২টার দিকে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের নেতৃত্বে দর্শনা থানা পুলিশের চৌকস পুলিশ সদস্যরা বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলীকে গার্ড অব অনার প্রদান করেন। গার্ড অব অনার শেষে কুড়ুলগাছি গ্রাম্য কবরস্থানে তাঁর দাফন সম্পন্ন হয়।

এ সময় উপস্থিত ছিলেন কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহ মো: এনামুল করিম ইনু, বীর মুক্তিযোদ্ধা সাবেক দামুড়হুদা উপজেলা

মুক্তিযোদ্ধা কমান্ডার আছের উদ্দীন ও দামুড়হুদা উপজেলার বীর মুক্তিযোদ্ধারা।

জীবননগরে তৃতীয় দিনে ১৩০ জনের করোনার টিকা গ্রহণ

করোনা ভাইরাসের সংক্রমণ ঠেকাতে দেশব্যাপী শুরু হয়েছে গণ-টিকাদান কর্মসূচি। তারই ধারাবাহিকতায় তৃতীয় দিনের মত গতকাল মঙ্গলবার সকাল ৮টা থেকে দুপুর ২টা পর্যন্ত জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ছিল উৎসব মুখোর পরিবেশ।

জীবননগরে স্বাস্থ্যকর্মী, পুলিশ, সাংবাদিক ও সে¦চ্ছাসেবকসহ উপজেলায় তৃতীয় দিনে ১৩০ জন টিকা গ্রহণ করেছে।

এ নিয়ে জীবননগর উপজেলায় ২০০ জন টিকা গ্রহণ করেছে। এদিকে টিকা নেওয়ার পর প্রত্যেক টিকা গ্রহীতাকে উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে আধাঘন্টা পর্যবেক্ষণে রাখা হচ্ছে।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিক্যাল অফিসার (আর এমও) ডাঃ মাহমুদ বিন হেদায়েত সেতু বলেন, গত দুই দিন আগে যাদের টিকা দেওয়া হয়েছে এখনও পর্যন্ত কারও কোন সমস্যা হয়নি আশা করি কোন সমস্যা হবে না। তাছাড়া প্রতিদিন বাড়ছে টিকা গ্রহণ কারীর সংখ্যা ।

জীবননগরে ইট ভাটায়

দৃর্বৃত্তদের হামলা

জীবননগর পেয়ারাতলায় গভীর রাতে বিএনপি নেতার ভাই শাহাজানের ইট ভাটায় মুখোশধারী একদল দৃর্বৃত্ত হামলা করেছে। এ সময় দৃর্বৃত্তরা ইট ভাটার অফিসের আসবাবপত্র ভাঙচুর করে ও অগ্নিসংযোগ করে একটি মোটরসাইকেল পুড়িয়ে দিয়েছে।

এছাড়াও ২টি ট্রাক্টর আংশিক খতিগ্রস্থ হয়েছে। গত সোমবার রাত আনুমানিক সাড়ে ৮টার সময় জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নের পেয়ারাতলা মা-বাবা ইট ভাটায় এই হামলার ঘটনা ঘটে।

ইট ভাটা শ্রমিকরা জানায়, গত সোমবার রাত অনুমান সাড়ে ৮টার সময় একদল মুখোমধারী দৃর্বৃত্ত ভাটায় প্রবেশ করে তারা প্রথমে অফিস ও অফিসের আসবাবপত্র ভাঙচুর করে। পরে মোটরসাইকেল ও ট্রাক্টরে আগুন ধরিয়ে দেয়। আগুনে একটি মোটরসাইকেল পুড়ে যায় এবং ২টি ট্রাক্টর আংশিক ক্ষতিগ্রস্থ হয়।

ভুক্তভোগী ইট ভাটা মালিক শাহাজাহান জানান, তার বড় ভাই কামরুজ্জামান আসন্ন জীবননগর পৌরসভা নির্বাচনের বিএনপির ধানের শীষের মনোনীত মেয়র প্রার্থী। শাজাহান কবীরের নির্বাচনে কাজ করায় দৃর্বৃত্তরা আমার ব্যবসা প্রতিষ্ঠানে এমন হামলা ও আগুন দিয়েছে।

এ বিষয়ে জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম বলেন জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নের পেয়ারতলায় অবস্থিত মা-বাবা ইট ভাটায় কেবা কারা হামলা ও অগ্নি সংযোগের ঘটনা ঘটিয়েছে।

এ বিষয়ে ওই ভাটার মালিক থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছে। কারা এই ঘটনা ঘটিয়েছে তা খুঁজে বের করতে পুলিশ মাঠে কাজ করছে ।

আলমডাঙ্গায় আইনশৃঙ্খলা ও আচরণ

বিধিমালা বিষয়ক মতবিনিময় সভা

আলমডাঙ্গা পৌরসভার সাধারণ নির্বাচন -২০২১ উপলক্ষে প্রার্থীদের নিয়ে আইনশৃঙ্খলা ও আচারণ বিধিমালা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল ১১ টার দিকে আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের হল রুমে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় প্রার্থীরা দাবি তোলেন কিছু স্থানে অপ্রতিকর ঘটনা বিহীন তেমন কোন ধরণের নৈরাজ্য সৃষ্টি হয়নি। তবে, আসন্ন নির্বাচন উপলক্ষে সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন উপহার দিতে একমত জেলা প্রশাসক ও পুলিশ সুপার।

এ মতবিনিময় সভায় আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার লিটন আলির সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন,- চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা পৌরসভা একটি শান্তিপূর্ণ জায়গা। আশা করি সকলের সার্বিক সহযোগিতায় একটি শান্তিপূর্ণ, অবাধ ও সুষ্ঠু নির্বাচন উপহার দিতে পারবো।’ সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচনের লক্ষে আপনারা যারা প্রার্থী তাদের সহযোগিতা আমার একান্ত প্রয়োজন। আপনাদের সহযোগিতা পেলে একটি সুষ্টু ও অবাধ নির্বাচন করতে সক্ষম হব। আপনারা কেউ নির্বাচনী আচরণ উপলক্ষে গুজব ছড়াবেন না।

তিনি আলমডাঙ্গা পৌরসভা নির্বাচন উপলক্ষে সাংবাদিকদের উদ্দেশ্যে বলেন, – আপনাদের কিছু দায়বদ্ধতা আছে। আপনারা দায়িত্ব সহকারে নির্বাচনের সংবাদ সংগ্রহ করবেন। নির্বাচন উপলক্ষে আপনারা কোন ধরণের বিভ্রান্তমূলক সংবাদ প্রকাশ থেকে বিরত থাকবেন। বিভ্রান্ত সংবাদের কারণে প্রশাসনিক ভাবে অনেকটা ঝামেলার সম্মুখীন হতে হয়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গার পুলিশ সুপার জাহিদুল ইসলাম। তিনি বক্তব্যে বলেন, – আলমডাঙ্গা পৌরসভা নির্বাচনে ৯ টি ওয়ার্ডের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। এবারের নির্বাচনে আলমডাঙ্গা পৌরসভার ১৫ টি কেন্দ্রে ২৬ হাজার ১ শত ৩৯ জন ভোটাধিকারের মাধ্যমে ভোট প্রদান করবে। এ নির্বাচনে ইভিএম

পদ্ধতিতে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

তিনি আরো বলেন,- আলমডাঙ্গা পৌরসভা নির্বাচন উপলক্ষে একাধিক পুলিশ মোতায়ন করা হয়েছে। নির্বাচনের জন্য কঠোর অবস্থান নিবে পুলিশ। ইতোমধ্যে পুলিশের একাধিক টিম পৌর নির্বাচন মাঠে কাজ করছে। যদি কেউ নির্বাচনে অপ্রতিকর ঘটনা ঘটায় তাহলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা নির্বাচন কর্মকর্তা ও জেলা প্রিজাইডিং অফিসার তারেক মাহমুদ, চুয়াডাঙ্গা জেলার সদর সার্কেল জাহাঙ্গীর হোসেন, জেলা গোয়েন্দা এনএসআই এর ডিডি জিএম জামিল সিদ্দিক, আলমডাঙ্গা উপজেলা সহকারী প্রিজাইডিং অফিসার এমএজি মোস্তফা ফেরদৌস, আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আলমঙ্গীর কবির, আলমডাঙ্গা পৌরসভা নির্বাচনের আওয়ামী লীগের মনোনীত প্রার্থী হাসান কাদির গনু, বিএনপির মনোনীত প্রার্থী আলহাজ্ব মীর মহি উদ্দিন, স¦তন্ত্র প্রার্থী এম সবেদ আলি, আলমডাঙ্গা প্রেস ক্লাবের সভাপতি খন্দকার শাক আলম মন্টু, সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম প্রমুখ।

চুয়াডাঙ্গার নীলমনিগঞ্জে ভ্রাম্যমাণ আদালতে জরিমানা

চুয়াডাঙ্গা সদর উপজেলার নীলমনিগঞ্জ বাজারে নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মুহাম্মদ সাদিকুর রহমানের নেতৃত্বে গতকাল মঙ্গলবার ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালিত হয়।

মেয়াদোত্তীর্ণ ঔষধ রাখার অপরাধে ঔষধ আইন ১৯৪০ এর ১৮ ও ২৭ ধারায় মোস্তফা মেডিকেল হলকে ৫০০০/- টাকা এবং সাহা ফার্মেসিকে ২০০০/- জরিমানা করেন।

ডিলিং লাইসেন্স না থাকায় সাহা সাইকেলকে অত্যাবশকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন ১৯৫৬ এর ৫৩ ধারায় ১০০০/- টাকা জরিমানা করেন।

এ সময় উপস্থিত ছিলেন ঔষধ প্রশাসনের সহকারী পরিচালক কে এম মুহসীনিন মাহবুব। সদর থানা পুলিশের একটি চৌকস দল এতে সহযোগিতা করে। জনস্বার্থে এ অভিযান চলতে থাকবে।

দামুড়হুদায় সেলাই মেশিন, স্যানিটারি প্যাড, টিফিন বক্স, ডাস্টবিন ও মাস্ক বিতরণ

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদে সেলাই মেশিন, স্যানিটারি প্যাড, টিফিন বক্স, ডাস্টবিন ও মাস্ক বিতরণ করা হয়েছে।

গতকাল মঙ্গলবার (৯ ফেব্রুয়ারি) হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব মোঃ নিজাম উদ্দীনের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আলী মুনছুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার জনাব দিলারা রহমান। এছাড়া আরো উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ আবু সাঈদ খোকনসহ আরো অনেকে।

উক্ত অনুষ্ঠানে গরীব অসহায় মহিলাদের মাঝে সেলাই মেশিন তুলে দেন উপস্থিত অতিথি বৃন্দ। এ সময় স্যানিটারি প্যাড, টিফিন বক্স, ডাস্টবিন ও মাস্ক বিতরণ করা হয়।

চুয়াডাঙ্গায় নির্মাণাধীন বাড়ির রাস্তা দখলের অভিযোগ

চুয়াডাঙ্গা শহরের নির্মাণাধীন বাড়ির রাস্তা দখল করে বন্ধ করার অভিযোগ তুলে একযোগে ১৫টি পরিবার সংবাদ সম্মেলন করেছে।

মঙ্গলবার দুপুরে চুয়াডাঙ্গা প্রেসক্লাবে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

অভিযোগকারীরা লিখিত বক্তব্যে বলেন, অভিযুক্ত দখলকারী ফরিদপুরের মধুখালী থানার ওসি আমিনুল ইসলাম ক্ষমতার অপব্যবহার করছেন। তিনি অন্যায়ভাবে রাস্তা বন্ধ করে দিচ্ছেন।

বিষয়টি নিয়ে পর্যায়ক্রমে পৌর পরিষদ, পুলিশ প্রশাসন ও জেলা প্রশাসকের কাছে অভিযোগ দেয়া হয়। কিন্তু কিছুতেই প্রতিকার মিলছে না। অভিযুক্ত ওসির পরিবার নানাভাবে হয়রানি করছে।

অভিযোগকারীদের পক্ষে লিখিত বক্তব্য পাঠ করেন, ভুক্তভোগী পরিবারের সদস্য জিয়াউল কবির।

সংবাদ সম্মেলনে ভুক্তভোগি ১৫ পরিবারের পক্ষে উপস্থিত ছিলেন, রেনু খাতুন, নাজনীন নাহার, আখতার হোসেন, জিল্লুর রহমান, আব্দুল মতিন, রিমা, মো. কামরুজ্জামান, শামীমা নাসরিন, মর্জিনা খাতুন, আকবর আলী, আসমা খাতুন, মহিদুল ইসলাম, আকরামুল হক, শায়লা শারমিন ও আব্দুস সবুর।

দর্শনায় ফেনসডিল ও প্রাইভেটকারসহ কথিত সাংবাদিক

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]